ইত্তেফাক

তারিখ ২০/11/78
পৃষ্ঠা 1 কলাম 7

132

# জসীমউদ্দীন একাডেমী উদ্বোধন

(ইত্তেফাক রিপোর্ট)

ভাইস প্রেসিডেন্ট বিচারপতি জনাব আবদুস সাত্তার গতকাল (রবিবার) ঢাকার কমলাপুরে জসীমউদ্দীন একাডেমী উদ্বোধন করেন। সংস্কৃতি ও ক্রীড়া দফতরের মন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরী কবির বাসভবনের এই অনুষ্ঠানে প্রধান অতিথিরূপে উপস্থিত ছিলেন। বাংলা একাডেমীর মহাপরিচালক ডঃ আশরাফ সিদ্দিকী, ডঃ এনামুল হক, কবি

(৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

# জসীমুদ্দীন একাডেমী

(১ম পৃঃ পর)

তালিম হোসেন, ডঃ সুনীল কুমার মুখোপাধ্যায়, শিল্পী কামরুল হাসান, মোস্তফা জামান আব্বাসী, মোহাম্মদ মাহফুজুল্লাহ, ডঃ রফিকুল ইসলাম প্রমুখ অনুষ্ঠানে কবির জীবন ও সাহিত্যকর্মের উপর আলোচনা করেন। জনাব শামসুল হুদা চৌধুরী একাডেমীর জন্য ১০ হাজার টাকা দানের কথা ঘোষণা করেন।

ভাইস প্রেসিডেন্ট বিচারপতি জনাব আবদুস সাত্তার অনুষ্ঠানে বলেন, পল্লীকবি জসীমউদ্দীনের কাব্য কীর্তি সময়ের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে। কারণ তিনি সহানুভূতি ও আন্তরিকতার সঙ্গে পল্লীবাংলার জনজীবনের সত্যিকার চিত্র এবং তাহাদের সুখ-দুঃখের কাহিনী তুলিয়া ধরিয়াছেন। ভাইস প্রেসিডেন্ট তাঁহাকে গণমানুষের কবি বলিয়া অভিহিত করেন এবং বলেন যে, জসীমউদ্দীন এদেশের পল্লী জীবনের যথার্থ রূপকার। এই কারণেই তিনি যুগস্রষ্টার বৈশিষ্ট্য লাভ করিয়াছেন।

অনুষ্ঠানে কবিকন্যা মিসেস হাসনা মওদুদ উক্ত একাডেমীর প্রেসিডেন্ট হিসাবে বিচারপতি জনাব আবদুস সাত্তারের নাম ঘোষণা করেন। অন্যান্য কর্মকর্তার নাম পরে ঘোষণা করা হইবে বলিয়াও তিনি জানান।